

ভর্তি

চুয়েট-কুয়েট-রুয়েটে ভর্তি : প্রবেশপত্র ডাউনলোড চলছে, প্রতি আসনে লড়বেন ৮ শিক্ষার্থী

প্রতিনিধি চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়



By using this site, you agree to our Privacy Policy. OK

৩ হাজার ২৩১টি আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় অংশ নিতে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করেছিলেন ২৭ হাজার ৭৭১ জন।

ছবি : প্রথম আলো

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) নিয়ে দেশের তিন সরকারি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩ শিক্ষাবর্ষের গুচ্ছ ভর্তি পরীক্ষার যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়েছে।

গত শনিবার (৩ জুন) চুয়েট-কুয়েট-রুয়েটে ভর্তির অফিশিয়াল ওয়েবসাইটে এই তালিকা প্রকাশ করা হয়। তবে গত বছরের তুলনায় এবার আবেদন কমেছে এই তিন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভর্তিতে। ৩ হাজার ২৩১টি আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় অংশ নিতে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করেছিলেন ২৭ হাজার ৭৭১ জন। তবে পেমেন্ট সম্পন্ন করেননি সব আবেদনকারী

বিজ্ঞপ্তি মোতাবেক পরীক্ষায় আবেদনের ভিত্তিতে সারা দেশ থেকে সেরা ৩৩ হাজার আবেদন গ্রহণ করার কথা বলা হলেও এবার আবেদনই জমা পড়েনি সেই সংখ্যক। ২০২১-২২ শিক্ষাবর্ষেও মোট আসন একই থাকলেও সে বছর যোগ্য প্রার্থী হিসেবে এর বিপরীতে পরীক্ষায় অংশ নেন প্রায় ৩০ হাজার শিক্ষার্থী। সে হিসাবে গত বছরের যোগ্য প্রার্থীর তুলনায় এবার আবেদনকারী কমেছে।

তিন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের গুচ্ছ ভর্তি কমিটির নতুন সভাপতি ও রুয়েটের যন্ত্রকৌশল অনুষদের ডিন মো. রোকনুজ্জামান প্রথম আলোকে মুঠোফোনে বলেন, এবার যেসব শিক্ষার্থী প্রথমে অনলাইনে আবেদন করেছিলেন, তাঁদের মধ্যে কিছু শিক্ষার্থী ফি দেননি ফলে সফল আবেদনকারীর সংখ্যা হয়েছে ২৪ হাজার ৯৭৮। সবকিছু পূর্বঘোষিত সময় অনুযায়ী হবে। গত বছরের চেয়ে এবার আবেদন কিছুটা কম পড়েছে।

মো. রোকনুজ্জামান আরও বলেন, এবার চুয়েট, কুয়েট ও রুয়েট—তিনটি কেন্দ্রেই সমানসংখ্যক পরীক্ষার্থী পরীক্ষায় অংশ

ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড শুরু ৪ জুন থেকে ও পরীক্ষা হবে ১৭ জুন। গ্রুপ 'ক'-তে ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ রয়েছে। আর গ্রুপ 'খ'-এর অধীন ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ রয়েছে।

ভর্তি পরীক্ষা কত নম্বরের

রুয়েটে ১ হাজার ২৩৫টি, চুয়েটে আসন ৯৩১টি, কুয়েটে ১ হাজার ৬৫টি আসনের বিপরীতে এবারের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় গ্রুপ 'ক'-তে এমসিকিউ পদ্ধতিতে ৫০০ নম্বর। প্রকৌশলের পাশাপাশি স্থাপত্য বিভাগ নিয়ে গ্রুপ 'খ'-তে ৭০০ নম্বরের এমসিকিউ পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৭ জুন। চূড়ান্ত মেধাতালিকা প্রকাশ করা হবে আগামী ৮ জুলাইয়ের মধ্যে।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো